

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭১৮

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (کتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ৪৮. কোন স্থানে অবতরণ করলে যা বলতে হয়

باب مَا يَقُولُ إِذَا نَزَلَ مَنْزِلًا

## আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ إِسْحَقَ وَعَفَّانُ قَالَا حَدَّثَنَا وُهَيْبٌ حَدَّثَنَا ابْنُ عَجْلَانَ عَنْ يَعْقُوبَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الْأَشَجِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ عَنْ سَعْدِ بْنِ مَالِكٍ عَنْ خَوْلَةَ بِنْتِ حَكِيمٍ قَالَتْ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ لَوْ أَنَّ أَحَدَكُمْ إِذَا نَزَلَ مَنْزِلًا قَالَ أَعُوذُ بِكَلِمَاتِ اللَّهِ التَّامَّاتِ مِنْ شَرِّ مَا خَلَقَ لَمْ يَضُرَّهُ فِي ذَلِكَ الْمَنْزِلِ شَيْءٌ حَتَّى يَرْتَحِلَ مِنْهُ بِكَلِمَاتِ اللَّهِ التَّامَّاتِ مِنْ شَرِّ مَا خَلَقَ لَمْ يَضُرَّهُ فِي ذَلِكَ الْمَنْزِلِ شَيْءٌ حَتَّى يَرْتَحِلَ مِنْهُ

## বাংলা

২৭১৮. খাওলা বিনতে হাকীম রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি: তোমাদের কেউ কোন স্থানে অবতরণ করে যদি বলে, 'আউযু বিকালিমাতিল্লাহিত তাম্মাতি মিন শাররি মা খালাক'- (অর্থ: আমি আল্লাহর পরিপূর্ণ বাক্যাবলীর উসীলায় তিনি যা সৃষ্টি করেছেন তার অনিষ্ট থেকে আশ্রয় প্রার্থনা করছি), তাহলে সে স্থান থেকে বিদায় হওয়ার পূর্ব পর্যন্ত সেখানে কোন কিছু তার ক্ষতি করতে পারবে না।"[1]

## ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ হাসান, তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: ইবনু আবী শাইবা ১০/২৮৭ নং ৯৪৫৭; ইবনু মাজাহ, তিব্ব ৩৫৪৭; তাবারাণী, কাবীর ২৪/২৩৮ নং ৬০৬; আহমাদ ৬/৩৭৭, ৪০৯; মুসলিম, যিকর ওয়াদ দু'আ ২৭০৮; তিরমিযী, দাওয়াত ৩৪৩৩; বাইহাকী, হাজ্জ ৫/২৫৩; ইবনুস সুন্নী, আমলুল ইয়াওমু ওয়াল লাইলাহ নং ৫২৮; সহীহ ইবনু খুযাইমা নং ২৫৬৬, ২৫৬৭; মালিক, ইসতিআযান ৩৪; বাগাবী, শারহুস সুন্নাহ ৫/১৪৫ নং ১৩৪৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন